

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 16-03-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

CM-Donar :

উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে বিনিয়োগের সম্ভাবনা বৃদ্ধি করার লক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহাকে আত্মায়ক হিসেবে নিযুক্ত করে একটি উচ্চ পর্যায়ের টাস্ক ফোর্স গঠন করেছে ডোনার মন্ত্রক টাস্ক ফোর্সের সদস্য হিসাবে রয়েছেন কেন্দ্রীয় ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়া, মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড সাংমা, নাগাল্যান্ডের মুখ্যমন্ত্রী নেইফিউ রিও এবং সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং। মুখ্যমন্ত্রী ডাঃ সাহার নেতৃত্বে এই টাস্ক ফোর্স আগামী ৬ মাসের মধ্যে এনইসির কাছে রিপোর্ট জমা দেবে। উত্তর পূর্বাঞ্চলে ইনভেস্টমেন্ট ইকোসিস্টেম, কৃষি, পর্যটন, আইটি এবং পুনর্নবীকরণযোগ্য শক্তির মতো অগ্রাধিকার ক্ষেত্রগুলির জন্য পছন্দসই বিনিয়োগের সম্ভাবনা বাড়াতে একটি কৌশলগত রোডম্যাপ তৈরির জন্য টাস্ক ফোর্সকে বলা হয়েছে।

Amit Shah :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ উত্তর-পূর্বাঞ্চলের শান্তি প্রতিষ্ঠায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভূমিকার প্রশংসা করেন। গতকাল মিজোরামের আইজলে আসাম রাইফেলস ব্যাটালিয়নের জমি মিজোরাম সরকারের কাছে হস্তান্তর এবং মানচিত্র বিনিময় অনুষ্ঠানে তিনি একথা বলেন।

তিনি বলেন, মিজোরামের উন্নয়নের জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে, আসাম রাইফেলসের সদর দপ্তর সেন্ট্রাল আইজল থেকে জোখাওসাং-এ স্থানান্তর একটি দীর্ঘ প্রতীক্ষিত দাবি পূরণ করেছে এবং এটি মিজো জনগণের প্রতি ভারত সরকারের প্রতিশ্রুতির প্রতিফলন। শ্রী শাহ এই ঐতিহাসিক সিদ্ধান্তকে বাস্তবে রূপ দেওয়ার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকেও কৃতিত্ব দিয়েছেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী উত্তর-পূর্বাঞ্চল জুড়ে শান্তি প্রতিষ্ঠায় সরকারের প্রচেষ্টার কথা তুলে ধরেন।

PM Divine scheme :

পিএম ডিভাইন স্কিমে পুনর্নবীকরণ যোগ্য শক্তি উন্নয়ন সংস্থার উদ্যোগে রাজ্যের দুর্গম পার্বত্য এলাকা গুলিতে যেখানে বিদ্যুৎ পৌঁছানো সম্ভব হয়নি, তেমন ২৭৪টি পাড়াতে সৌর বিদ্যুতের জন্য সোলার মাইক্রো গ্রিড স্থাপনের কাজ চলছে। এরমধ্যে ১৩২টি পাড়াতে সোলার মাইক্রো গ্রিড বসানোর কাজ সম্পূর্ণ হয়েছে। গতকাল পুনর্নবীকরণ যোগ্য শক্তি উন্নয়ন সংস্থার যুগ্ম অধিকর্তা দেবব্রত শুল্ক দাস এখবর জানান। তিনি বলেন, এই গ্রিড চালু হওয়ার ফলে প্রত্যন্ত রক এলাকার প্রায় তিন হাজার পরিবার উপকৃত হয়েছেন। সেই সব এলাকার প্রতিটি বাড়িতেই এখন তিনটি করে ২০ কিলোওয়াট এর এলইডি বাল্ব জ্বালানোর পাশাপাশি মোবাইল চার্জ করা যাচ্ছে। ফলে ওই সমস্ত দুর্গম এলাকার জনজাতি পরিবার গুলির শিক্ষার পাশাপাশি আর্থসামাজিক উন্নয়ন হচ্ছে। কারণ তারা এখন রাতেও বাড়িতে বসে বাঁশ বেতের জিনিস সহ ছোট ছোট শিল্প সামগ্রী তৈরি করতে পারছেন।

JAMATIA HODA PUJA :

উদয়পুরের শিব বাড়ি ও ত্রিপুরা সুন্দরী মন্দিরে গতকাল জমাতিয়া হদা সম্প্রদায়ের ঐতিহ্যবাহী চৈত্র পূজা হয়। জমাতিয়া হদার প্রদেশ সভাপতি মোহিত লাল জমাতিয়া জানান, রাজন্য আমল থেকে এই রীতি চলে আসছে। এবছর ৪৩৪তম বর্ষের পূজা। দুই মন্দিরের পূজার দায়িত্বে রয়েছেন দুই হদা অত্রা বিজয় কুমার জমাতিয়া ও মনিন্দ্র কুমার জমাতিয়া। ৩০২টি গ্রাম থেকে ৩৬ জন পাঞ্চাই এই পূজার সহযোগি হিসেবে কাজ করেছেন। গতকাল ভোর থেকে রাজ্যের বিভিন্ন এলাকার জমাতিয়া হদা সম্প্রদায়ের পুণ্যার্থীরা শিব বাড়ি ও মাতাবাড়িতে পূজো দেন। এই পূজায় উপস্থিত ছিলেন বিধায়ক রামপদ জমাতিয়া ও অভিষেক দেবরায়, জমাতিয়া হদার আইনি উপদেষ্টা দাতা মোহন জমাতিয়া। উল্লেখ্য, তিনদিন গোমতি, জম্পুই, খোয়াই ও মনু নদীতে গঙ্গা পূজা দেওয়া হবে।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২০তম পর্বা প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুরচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা

ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবো। জনগনের পরামর্শ এমাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Assam rifles :

আসাম রাইফেলস খোয়াই জেলায় অভিযান চালিয়ে ১ কোটি ৯৫ লক্ষ টাকার বিদেশি সিগারেট উদ্ধার করেছে। পাচার বিরোধী অভিযানে নেমে ১৯৫ কার্টুন বিদেশি সিগারেট উদ্ধার হয়। কার্টুনগুলি কাস্টমস বিভাগের হাতে তুলে দেয়া হয়েছে বলে আসাম রাইফেলস থেকে এক বিবৃতিতে জানানো হয়।

VIJY TROPHY :

ভিজি ট্রফি সর্বভারতীয় আন্তঃ জোন মহাবিদ্যালয় ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে আজ পশ্চিম জোন খেলবে দক্ষিণ জোনের বিরুদ্ধে। এম বি বি স্টেডিয়ামে এই খেলাটি হবে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কিছু এলাকায় বজ্র-বিদ্যুত সহ বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। আজ ভোরে

সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।
